দৈনিক সংবাদ

তারিখ ... JAN. 1 . 1999 ...
পৃষ্ঠা ১৬ কলাম ৩

59

# কম্পিউটার প্রযুক্তির ক্ষেত্রে '৯৮ ছিল একটি উল্লেখযোগ্য বছর

ইয়ামিন রাজীব




কম্পিউটার মেলায় একটি স্টল।

শুভ নববর্ষ। বিদায় নিল ১৯৯৮। বিভিন্ন কারণে এই বছরটি প্রযুক্তি ও কম্পিউটারের ইতিহাসে উল্লেখযোগ্য হয়ে থাকবে। তাই গত বছর প্রযুক্তি জগতে ঘটে যাওয়া কিছু উল্লেখযোগ্য ঘটনার ওপর আলোকপাত করা হলো এবারের সাইবার নিউজে।

কম্পিউটার ব্যবসায় '৯৮ সালে সবচেয়ে বেশি আলোচিত হয়েছে মাইক্রোসফটের বিরুদ্ধে মার্কিন আইন বিভাগের মামলার বিষয়টি।

মাইক্রোসফটের বিরুদ্ধে সফটওয়্যার মার্কেটে মনোপলি চালানোর অভিযোগে এমনকি বিশ্বের শীর্ষ ধনী ব্যক্তি মাইক্রোসফট চেয়ারম্যান বিল গেইটসকে এ বছর আদালতে তলব করা হয়েছিল।

এছাড়াও মাইক্রোসফটের জন্য এ বছর আরও একটি বড় দুঃসংবাদ ছিল নেটস্কেপ ও এওএল-এর একত্রীকরণ। বিশ্বের বৃহত্তম আইএসপি এওএল (আমেরিকা অন লাইন) এবং নেটস্কেপ নেভিগেটর নামের জনপ্রিয় ওয়েব ব্রাউজার প্রস্তুতকারী প্রতিষ্ঠান নেটস্কেপের যৌথ যাত্রা মাইক্রোসফটের ব্রাউজার আইএক্সপ্লোরারের ভবিষ্যৎ অনিশ্চিত করে দিয়েছে।

এ বছরের সবচেয়ে আলোচিত ব্র্যান্ড পিসি হচ্ছে অ্যাপলের আইম্যাক। নীল রঙের স্বচ্ছ এই কম্পিউটারের মনিটরেই সন্নিবিষ্ট করা হয়েছে যাবতীয় যন্ত্রপাতি, মাউস ও কি-বোর্ড ছাড়া।

বিগত বছরগুলোর মতো এ বছরও প্রযুক্তি জগতে যন্ত্রের গতি বাড়ানোর কাজ এগিয়ে গেছে। ইনটেলের তৈরি পেন্টিয়াম টু-এ সময়ের দ্রুততম মাইক্রোপ্রসেসর, যা এ বছরই ব্যাপক জনপ্রিয়তা পেয়েছে।

ইন্টারনেটের প্রতি বিশ্বজুড়ে মানুষের আগ্রহ বাড়ার সাথে সাথে দ্রুততর করার চেষ্টা হয়েছে তথ্য আদান-প্রদানের গতিকে। সিল্ক রোড নামের একটি মার্কিন কোম্পানি প্রচলিত অপটিক্যাল ফাইবারের তুলনায় ২০০ গুণ দ্রুত তথ্য আদান-প্রদানে সক্ষম অপটিক্যাল ফাইবার তৈরি করেছে।

সিডির ব্যাপক জনপ্রিয়তার কারণে ১.৪৪ মেগাবাইটের ফ্লপি ডিস্কগুলি যখন অপ্রয়োজনীয় মনে হচ্ছিল, সে সময়ই সনিও ফুজিফিল্ম মিলে তৈরি করে ২০০ মেগাবাইটের নতুন ফ্লপি।

এ বছরের সবচেয়ে আলোচিত কম্পিউটার গেম ছিল সম্ভবত টুম রেইডার টু। 'লারা ক্রফট' নামের এক দুঃসাহসী মেয়ের নানা অ্যাডভেঞ্চার এই থ্রি-ডি গেমটির মূল বিষয়। এ বছরের অন্যান্য উল্লেখযোগ্য গেমের মধ্যে আছে, শোগো, গ্রিম ফ্যানডাঙ্গো, ফিফা, '৯৮, মিশন : ইম্পসিবল ইত্যাদি। এছাড়া জনপ্রিয় টিভি সিরিয়াল 'এক্স ফাইল্স' অবলম্বনেও একটি গেম তৈরি হয়েছে।

বাংলাদেশে কম্পিউটার জগতে উল্লেখযোগ্য হয়ে থাকবে '৯৮ সাল। এ বছরই প্রথম জাতীয় বাজেটে কম্পিউটার ও আনুসঙ্গিক যন্ত্রপাতির ওপর থেকে সব রকম শুল্ক প্রত্যাহার করা হয়েছে। তার ফল সবচেয়ে ভালো বোঝা গেছে ডিসেম্বরে অনুষ্ঠিত বিসিএস কম্পিউটার মেলায়।

অন্যবারের তুলনায় অনেক বড় করে আয়োজন করা হয়েছে এবারের মেলা। বিক্রি হয়েছে প্রায় ২০ কোটি টাকার প্রোডাক্ট। এ বছরই সরকারি সফটওয়্যারকে একটি সম্ভাবনাময় রপ্তানি শিল্প হিসেবে গুরুত্ব দিয়েছে।

কম্পিউটার প্রযুক্তিতে ব্যাপক অংশগ্রহণের মাধ্যমে বাংলাদেশের মানুষ এই প্রযুক্তির উন্নতিতে সক্রিয় ভূমিকা রাখবে এবং বাংলাদেশ একটি 'সাইবার নেশন' হিসেবে পরিচিত হবে এটাই হোক নতুন বছরে আমাদের প্রত্যাশা।